



Self Reminder

1) দুনিয়াতে আপনার ব্যস্ততা কখনোই শেষ হবে না। যা করার এর মাঝেই করে নিন। ব্যস্ততার অজুহাতে কিছু ফেলে রাখবেন না।-Munirul islam ibne Zakir

2) একদিন ইমাম আহমাদকে তার ছেলে প্রশ্ন করলেন, “বাবা, আমরা কবে শান্তি পাবো?”
তিনি (রাহিমাহুল্লাহ) উত্তর দিলেন, “জান্নাতে আমাদের প্রথম পদচিহ্নটি রাখার মূহর্তটি থেকেই।”

3) কারো উপরে বেশি নির্ভরশীল হয়ে যেয়ো না। মনে রেখো, অন্ধকারে তোমার নিজের ছায়াও তোমাকে ছেড়ে চলে যায়।----- (ইমাম ইবনে তাইমিয়া)

4)
১২.তুমি যখন কোন দুর্বলের উপর হাত উঠাও তখন একথা ভুলে যাও কেন যে, এই মানুষটিকে যিনি সৃষ্টি করেছেন তিনি তোমার চেয়ে অনেক বেশি ক্ষমতার অধিকারী।

----- (ওমর ইবনে আব্দুল আজীজ)

5)
আপনি যখন দরজায় দাঁড়িয়ে কড়া নাড়ছেন, তখন সেই কাজটিও দরজা খুলে যাওয়ার একটি অংশ; আপনি যখন কোন যাত্রাপথে তখন রওয়ানা হওয়ার মাঝেই আপনার যাত্রা শুরু হয়ে গেছে, যদি কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছতে না-ও পারেন তবু চিন্তিত হবেন না। সময় নষ্ট করা বন্ধ করুন, মৃত্যু আপনার জন্য অপেক্ষা করছে। এটাই ছিলো ইমাম গাজ্জালীর মূল বার্তা।”

— শাইখ হামজা ইউসুফ

6)
আপনি যখন কাউকে সাহায্য করার সুযোগ পেয়ে থাকেন, তখন আনন্দিত হোন এইজন্য যে আল্লাহ ঐ ব্যক্তির দোয়ার সাড়া আপনার মাধ্যমেই দিচ্ছেন।”

— নু'মান আলী খান

7)
আপনি যখন কষ্ট-যন্ত্রণায় থাকবেন, তখন নিজের কষ্টের দিকে মন দিবেন না, তার দিকেই মনযোগ দিন যিনি সকল কষ্টকে দূর করে থাকেন। আপনি যখন জীবনে কোন অবস্থায় আটকে যাবেন, তখন সামনের লোহিত সাগরের অকুল পাথারে চেয়ে থাকবেন না, বরং তার দিকে তাকান যিনি এটিকে দু'ভাগ করে পথ তৈরি করে দিতে পারেন।”

— উস্তাদা ইয়াসমিন মোজাহেদ

8)

যখন আপনাকে কেউ খুব কষ্ট দেয়, তখন ঠিক প্রথমেই সম্ভবত মনে যা আসে তা হলো, ইশশ যদি তার সাথে আমার কোনদিন দেখাই না হত! কিন্তু মনে রাখতে হবে, যারা আমাদের জীবনে আসেন বিশেষ কিছু কারণেই আসেন, আর যারা চলে যান তারাও বিশেষ কারণেই চলে যান; এমনকি যারা আমাদেরকে যন্ত্রণায় ক্ষত-বিক্ষত করেন তারাও! এতেই আমাদের জন্যই কল্যাণ এবং বিষয়টিকে গ্রহণ করে নেয়াটাই যন্ত্রণা কাটিয়ে উঠে শান্তি অর্জনের প্রথম পদক্ষেপ।”

— উস্তাদা ইয়াসমিন মোজাহেদ

9)

সব উপহারেরই একটি নির্ধারিত মূল্য থাকে। জীবনে কোন উপহার না পেলে হতাশ হয়ে পড়বেন না যেন। এমন তো হতে পারে, আল্লাহ জানেন যে আপনি সেই উপহারটির মূল্য এখন পরিশোধ করতে পারবেন না।”

— উস্তাদা ইয়াসমিন মোজাহেদ.

10)

হাজার জন জ্ঞানীর সাথে যুক্তিতর্কে হয়তো আমি জিতে যাব, কিন্তু একজন মূর্খের সাথে আমি কখনোই পেরে উঠবো না।”

— ইমাম শাফিঈ (রাহিমাহুল্লাহ)

11)

নরম-কোমল কথামালা পাথরের চাইতে কঠিন হৃদয়কেও কোমল করে দেয়,

৬৪.কর্কশ-কঠিন কথাবার্তা রেশমের চাইতে কোমল হৃদয়কেও কঠিন করে দেয়।”

— ইমাম গাজ্জালী (রাহিমাহুল্লাহ)

12)

কিছু বিশেষ বিশেষ মানুষের সাথে ব্যক্তিগত সম্পর্ক থাকায় লোকে গর্ববোধ করে, অথচ আমাদের উচিত আল্লাহ সুবহানাহ ওয়া তা’আলার সাথে নিজেদের সম্পর্ক নিয়ে গর্ববোধ করা।”

— শাইখ আব্দুল নাসির জাংদা

13)

আপনি যদি একটি জাতিকে কোনরকম যুদ্ধ ছাড়াই ধ্বংস করে দিতে চান, তাহলে তাদের তরুণ প্রজন্মের মাঝে অশ্লীলতা আর ব্যাভিচারের প্রচলনের ব্যবস্থা করে দিন।”

— সুলতান সালাহু আদ-দীন ইউসুফ আইয়ুবী (রাহিমাহুল্লাহ)

14)

৭৩.“যে এক ফোঁটা চোখের পানি মু’মিনের গাল বেয়ে নেমে যায় তা পৃথিবীর জমিনে ঝরে পড়া হাজার ফোঁটা বৃষ্টির পানির চাইতে বেশি কল্যাণময়।”

,15)

৭৬.“যে ব্যক্তি দাবী করে যে, সে এই দুনিয়া ও তার স্রষ্টাকে একই সাথে ভালবাসে সে আসলে মিথ্যা কথা বলে।”

— ইমাম শাফি'ঈ (রাহিমাহুল্লাহ)

আল্লাহ তা'য়ালা বলেন,

"তোমরা যে পানি পান কর, সে সম্পর্কে ভেবে দেখেছ কি? তোমরা তা মেঘ থেকে নামিয়ে আন, না আমি বর্ষন করি? আমি ইচ্ছা করলে তাকে লোনা করে দিতে পারি, অতঃপর তোমরা কেন কৃতজ্ঞতা প্রকাশ কর না?"

_____ [সূরা ওয়াকিয়া ৫৬, আয়াত ৬৮-৭০]

১৭৯. মানুষের প্রতিটি নিঃশ্বাস মৃত্যুর পদক্ষেপ মাত্র।

উদ্দেশ্য বা নিয়ত হল আমাদের আত্মার মত অথবা বীজের ভিতরে থাকা প্রাণশক্তির মত। বেশীরভাগ বীজই দেখতে মোটামুটি একইরকম, কিন্তু লাগানোর পর বীজগুলো যখন চারাগাছ হয়ে বেড়ে উঠে আর ফল দেওয়া শুরু করে তখন আসল পার্থক্যটা পরিস্কার হয়ে যায় আমাদের কাছে। একইভাবে নিয়ত যত বিশুদ্ধ হবে আমাদের কাজের ফলও তত ভালো হবে।"

— উস্তাদ খুররম মুরাদ (রাহিমাহুল্লাহ)

১৮৮. "যে ব্যক্তি কৃতজ্ঞতাকে শুধু জিহবা পর্যন্ত সীমাবদ্ধ রাখে তার সাথে অন্যান্য অঙ্গ ও হৃদয়কে শরীক না করে..."

তার দৃষ্টান্ত ঐ ব্যক্তির মত যার কাছে একটি পোষাক রয়েছে কিন্তু সেটা পরিধান না করে শুধু হাতে নিয়ে ঘোরে....

এ অবস্থায় সেটা তাকে শীত কিংবা তাপ কোনটা থেকেই রক্ষা করে না।"

— সালামাহ ইবনে দিনার (রাহিমাহুল্লাহ)

everything in Jannah will stay fresh, there will be no "boring" stuff there. Even you can look at a wall of Jannah and spend 40 years, you don't have a hurry, life is eternal. So we should strive for the eternal life that the Lord of the Heavens and the Earth promised for the believers, get attached to the bounties of that life more.

** বিকশিত হওয়ার আগে প্রকাশিত হওয়া এক ব্যাখ্যা "

Abu Rafa'n Siraj

আল্লাহর বিধান মানতে গিয়ে যদি কেউ কষ্ট পান, সেটাকে জুলুম বা গযব বলে বেড়ানো কোন মুমিনের চরিত্র নয়।Abul kalam azad.

Some people will hate you, not because you are right, but because you are different..